

মিডল ইয়ারস ডেভেলপমেন্ট ইন্সট্রুমেন্ট (এমডিআই) কি?

এমডিআই একটি স্ব-বিবৃত প্রশ্নমালা যা 4র্থ শ্রেণীর শিশু থেকে 12শ শ্রেণীর যুবারা সম্পন্ন করবেন। এটি তাদের স্কুলের ভিতরে ও বাইরে উভয়ের অভিজ্ঞতার ওপর তারা কী ভাবছে এবং অনুভব করছে সেই সম্পর্কে প্রশ্ন করে। কল্যাণ, স্বাস্থ্য ও অধ্যয়ন বিষয়ক কৃতির সাথে নিবিড় ভাবে যুক্ত বিকাশের পাঁচটি ক্ষেত্রের সাথে সম্পর্কিত প্রশ্নও এর অন্তর্গত। কী জিজ্ঞাসা করা হচ্ছে তা সম্পর্কে আপনাকে অবগত করতে প্রতিটি ক্ষেত্রের সংক্ষিপ্ত বিবরণ এবং 2টি নমুনা প্রশ্ন এখানে দেওয়া হলো:



শারীরিক স্বাস্থ্য ও কল্যাণ

শিশুরা তাদের অনুভূতি সংক্রান্ত স্বাস্থ্য, শারীরিক সক্রিয়তা, সুখম আহার এবং নিদ্রা-অভ্যাস সহ সামগ্রিক স্বাস্থ্যের ক্ষেত্রে তাদের নিজেদের শারীরিক কুশল মূল্যায়ন করবে। শারীরিক স্বাস্থ্য ও কল্যাণ সংক্রান্ত প্রশ্নসমূহের মধ্যে আছেঃ

সামগ্রিক ভাবে, তুমি কিভাবে তোমার স্বাস্থ্যের বিবরণ দেবে?

- ক। মন্দ
- খ। চলনসই
- গ। উত্তম
- ঘ। অতি উত্তম

কত নিয়মিত ভাবে তুমি নির্বিঘ্ন রাতের ঘুম ঘুমোতে পারো?

- ক। কখনও না
- খ। সপ্তাহে একবার
- গ। সপ্তাহে 2 বার
- ঘ। সপ্তাহে 3 বার
- ঙ। সপ্তাহে 4 বার
- চ। সপ্তাহে 5 বার
- ছ। সপ্তাহে 6 বার
- জ। প্রতিদিন



সংযোগ

স্কুল এবং পাড়ার প্রাপ্তবয়স্কদের সাথে, বাড়িতে পিতামাতা অথবা অভিভাবকের সাথে, এবং সহপাঠীদের সাথে শিশুদের সাহায্য এবং সংযোগের অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। শিক্ষার্থীদের কিছু বক্তব্যসমূহে প্রতিক্রিয়া জানাতে অনুরোধ করা হবে, যেমনঃ

আমার স্কুলে এমন একজন শিক্ষক/শিক্ষিকা অথবা অন্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি আছেন যিনি আমার প্রতি যত্নশীল বা আমার খেয়াল রাখেন।

ক। একেবারেই সত্যি নয়
খ। অল্প সত্যি
গ। অনেকাংশে সত্যি
ঘ। অত্যন্ত সত্যি

আমার বাড়িতে, পিতামাতার মধ্যে একজন অথবা অন্য এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তি আছেন, যিনি আমার কিছু বলার থাকলে আমার কথা শোনেন।

ক। একেবারেই সত্যি নয়
খ। অল্প সত্যি
গ। অনেকাংশে সত্যি
ঘ। অত্যন্ত সত্যি



সামাজিক এবং অনুভূতি সংক্রান্ত বিকাশ

শিশুরা 7টি ক্ষেত্রে তাদের বর্তমান সামাজিক এবং অনুভূতি সংক্রান্ত কার্যকারিতা সম্পর্কে প্রশ্নের উত্তর দেবেঃ আশাবাদ, আত্মসম্মান, সুখ, সহানুভূতি, সামাজিক ব্যবহার, দুঃখ এবং দুশ্চিন্তা। শিক্ষার্থীদের কিছু বক্তব্যসমূহে প্রতিক্রিয়া জানাতে অনুরোধ করা হবে, যেমনঃ

আমি যখন কাউকে নিকৃষ্ট ব্যবহার করতে দেখি আমার উত্তম বোধ হয়।

ক। অত্যন্ত ভাবে অসম্মত
খ। কিছু অংশে অসম্মত
গ। সম্মত বা অসম্মত কোনোটাই নয়
ঘ। কিছু অংশে সম্মত
ঙ। অত্যন্ত ভাবে সম্মত

আমি আমার জীবন নিয়ে সুখী।

ক। অত্যন্ত ভাবে অসম্মত
খ। কিছু অংশে অসম্মত
গ। সম্মত বা অসম্মত কোনোটাই নয়
ঘ। কিছু অংশে সম্মত
ঙ। অত্যন্ত ভাবে সম্মত



স্কুলের অভিজ্ঞতাসমূহ

শিশুদের 4টি ক্ষেত্রে তাদের স্কুলের অভিজ্ঞতা সম্পর্কে প্রশ্ন করা হয়ঃ অধ্যয়ন সম্পর্কিত নিজস্ব ধারণা, স্কুলের পরিবেশ, স্কুলের সাথে অন্তর্ভুক্তির অনুভূতি, এবং সহপাঠী নিগ্রহ (বুলিং) এর অভিজ্ঞতা। শিক্ষার্থীদের কিছু বক্তব্যসমূহে এবং প্রশ্নসমূহে প্রতিক্রিয়া জানাতে অনুরোধ করা হবে, যেমনঃ

আমি নিশ্চিত যে আমি এ বছরে স্কুলে শেখানো দক্ষতাসমূহ শিখতে সক্ষম হব।

- ক। অত্যন্ত ভাবে অসম্মত
- খ। কিছু অংশে অসম্মত
- গ। সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ঘ। কিছু অংশে সম্মত
- ঙ। অত্যন্ত ভাবে সম্মত

আমি অনুভব করি যে আমি এই স্কুলের একটি অংশ

- ক। অত্যন্ত ভাবে অসম্মত
- খ। কিছু অংশে অসম্মত
- গ। সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ঘ। কিছু অংশে সম্মত
- ঙ। অত্যন্ত ভাবে সম্মত



স্কুল-পরবর্তী সময়ের ব্যবহার

শিশুদের জিজ্ঞাসা করা হয় খেলাধুলা, সঙ্গীত এবং কলার মতো সংগঠিত কর্মসূচিসমূহে নিযুক্ত হয়ে তারা যেই সময় ব্যয় করে সেই সময় সম্পর্কে এবং তাছাড়াও টিভি দেখা, হোমওয়ার্ক বা বাড়ির কাজ করা এবং ভিডিও গেমস খেলায় ব্যবহৃত সময় সম্পর্কে। শিক্ষার্থীদের কিছু বক্তব্যসমূহে এবং প্রশ্নসমূহে প্রতিক্রিয়া জানাতে অনুরোধ করা হবে, যেমনঃ

গত সপ্তাহে স্কুল-পরবর্তী সময় থেকে রাতের আহারের সময় পর্যন্ত (প্রায় বিকেল 3টে থেকে সন্ধ্যা 6), কতটা সময় তুমি ব্যায়াম বা মনোরঞ্জনের জন্য খেলাধুলার (উদাহরণস্বরূপ, বাইরে খেলা, সাইকেল চালানো, স্কেট করা, স্নে করা, হুপে লক্ষভেদ করা, সাঁতার কাটা, যোগাসন করা, নাচ করা বা অন্য কিছু করা) জন্য ব্যয় করেছ?

- ক। আমি এই রকম কাজ করিনি
- খ। 30 মিনিটের কম

গ। 30 মিনিট থেকে 1 ঘন্টার মধ্যে

ঘ। 1-2 ঘন্টা

ঙ। 2 বা তার বেশী ঘন্টা

স্কুলের দিনসমূহে স্কুল-পরবর্তী সময় থেকে রাতের আহারের সময় পর্যন্ত (প্রায় বিকেল 3টে থেকে সন্ধ্যা 6) তুমি কী করতে চাও তা ভাবো।

ক। আমি যেই সকল কাজকর্ম করতে চাই তা এখনই করছি

খ। আমার ইচ্ছা হয় আরো অতিরিক্ত কাজকর্ম করার